

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৬৩

তারিখ: ৪ কার্তিক ১৪২৬

২০ অক্টোবর ২০১৯

বিষয়: প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোনো সতর্কবার্তা নেই।

আজ ২০ অক্টোবর ২০১৯ খ্রীঃ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর ও রাজশাহী বিভাগের দু'এক জায়গায় হালকা বৃষ্টি/ বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ দেশের উত্তর পশ্চিমাঞ্চলে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং দেশের অন্যত্র তা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সারাদেশে রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): উল্লেখযোগ্য কোন পরিবর্তনের সম্ভাবনা নেই।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৫.২	৩৪.২	৩৫.৩	৩৫.২	৩৪.৭	৩৩.০	৩৪.৯	৩৫.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৩.৭	২৩.৮	২৪.৩	২৩.২	২৩.২	২১.৮	২৩.৪	২৫.৩

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড ৩৫.৩° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২১.৮° সেঃ।

বৃষ্টিপাত ও নদ-নদীর সর্বশেষ অবস্থাঃ

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	৯৩	বিগত ২৪ ঘন্টায় পানি সমতল অপরিবর্তিত	০৪
বিগত ২৪ ঘন্টায় পানি সমতল বৃদ্ধি	০৮	মোট তথ্য পাওয়া যায়নি	০২

বিগত ২৪ ঘন্টায় পানি সমতল হাস	৭৯	বিপদসীমার উপরে	০০
-------------------------------	----	----------------	----

বৃষ্টিপাতের তথ্যঃ গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
-	-

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (০৫ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/ ২০ অক্টোবর ২০১৯ খ্রীঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী): নেই।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ১৮/১০/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৯/১০/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৩টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৫	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	২	০	১
৫।	রাজশাহী	২	০	০
৬।	রংপুর	৫	০	০
৭।	চট্টগ্রাম	৫	২	০
৮।	খুলনা	৩	০	০
	মোট	২৩	২	১

উল্লেখযোগ্য অগ্নিকান্ড

(জেলাভিত্তিক তথ্য) :

মৌলভীবাজারঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান, গত ১৮.১০.২০১৯ ইং তারিখ সন্ধ্যা ০৬.৩০ মিনিটের সময় মৌলভীবাজারের ভুইয়াবাজার এলাকায় একটি জেনারেল স্টোরে বিদ্যুৎ গোলযোগে আগুন লাগে। ফায়ার সার্ভিসের কর্মীগণ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সন্ধ্যা ৭.১০টায় আগুন নির্বাপন করে। অগ্নিকান্ডে জসিম (৩৫) নামে একজন অগ্নিদগ্ধ হয়ে মারা গেছেন।

চট্টগ্রামঃ জেলা প্রশাসন, চট্টগ্রাম স্মারক নং-০৫.৪২.১৫০০.২১১.৯৬.০১৩(অংশ-২).১৯-৬৯৩, তারিখঃ ১৯/১০/২০১৯খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছে যে, গতকাল ভোর রাত আনুমানিক ৩.০০ ঘটিকায় চট্টগ্রাম কোর্ট বিল্ডিং এর নিকটে জহর হকার্স মার্কেটের দক্ষিণ-পূর্ব কোণে জালালাবাদ মার্কেটে ভয়াবহ অগ্নিকান্ড সংঘটিত হয়। ফায়ার সার্ভিসের ১৩ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে সকাল ৮.০০টায় আগুন নিয়ন্ত্রণে আনে। এ সময় ফায়ার সার্ভিসের ২ জন কর্মী আহত হয়েছেন। তাদেরকে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। অগ্নিকান্ডে জালালাবাদ মার্কেটের ৪১৩টি দোকানের মধ্যে প্রায় ৮০-৯০টি দোকান এবং জহর হকার মার্কেটের কয়েকটি দোকান পড়ে গেছে মর্মে প্রাথমিকভাবে জানা গেছে। বৈদ্যুতিক শর্টসার্কিট থেকে অগ্নিকান্ডের সূত্রপাত হয়েছে মর্মে ধারণা করা হচ্ছে। ফায়ার সার্ভিসের আহত কর্মীদের বিস্তারিত তথ্য এখনো পাওয়া যায়নি।

২। ইহা মহোদয়ের সদয় অবগিতর জন্য প্রেরণ করা হলো।

২০-১০-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৬৩/১(৬৫)

তারিখ: ৪ কার্তিক ১৪২৬

২০ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক, ত্রাণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) উপপরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা

২০-১০-২০১৯

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা